

আমার বিচার তুমি করো তব আপন করে ।  
 দিনের কর্ম আনিবু তোমার বিচারঘরে ॥  
 যদি পূজা করি মিছা দেবতার, শিরে ধরি যদি মিথ্যা আচার,  
 যদি পাপমনে করি অবিচার কাহারো 'পরে,  
 আমার বিচার তুমি করো তব আপন করে ॥  
 লোভে যদি করে দিয়ে থাকি দুখ, ভয়ে হয়ে থাকি ধর্মবিমুখ,  
 পরের পীড়ায় পেয়ে থাকি সুখ ক্ষণেক-তরে—  
 তুমি যে জীবন দিয়েছ আমায় কলঙ্ক যদি দিয়ে থাকি তায়,  
 আপনি বিনাশ করি আপনায় মোহের ভরে,  
 আমার বিচার তুমি করো তব আপন করে ॥

---

Parjaay: Puja, Taal: Teyora, Raag: Kedara  
 Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail